মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নতুন সদস্য সচিব রকিবুল হাসান রিপন

মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের সহকারী অধ্যাপক রকিবুল হাসান রিপনকে সদস্য সচিব করে মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার অ্যাডহক কমিটি গঠন করা হয়েছে।

গত ১ এপ্রিল সদ্য বিদায়ী জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর ৭ সদস্যের এ কমিটি গঠন করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন পদাধিকারবলে জেলা প্রশাসক (আহ্বায়ক), পুলিশ সুপার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা ক্রীড়া কর্মকর্তা, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক এবং সদস্য আব্দুস সালাম।

ইউএনও’র উদ্যোগে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে বাস্কেটবল গ্রাউন্ড নির্মাণ শুরু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে সাড়ে ৭ লাখ টাকার ব্যয়ে বাস্কেটবল খেলার গ্রাউন্ড নির্মাণ কার্যক্রম শুরু হয়েছে।

এ উদ্যোগ গ্রহণ করেছেন মেহেরপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম। আজ বুধবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে উপস্থিত হয়ে তিনি ঢালাই কাজের সূচনা করেন এবং নির্মাণের অগ্রগতি পরিদর্শন করেন।

বিদ্যালয়ের শিক্ষার্থী ও স্থানীয়রা আশা প্রকাশ করেছেন, নতুন

গ্রাউন্ডটি শিক্ষার্থীদের খেলাধুলা ও ক্রীড়া চর্চাকে আরও উৎসাহিত করবে।

আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯ টার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজ মাঠে পুরস্কার বিতরণের সভায় সভাপতিত্ব করেন, কলেজের স্কুলের ম্যানেজিং কমিটির সহ-সভাপতি সিনিয়র সাংবাদিক খন্দকার শাহ আলম মন্টু। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রুপালী ব্যাংকের ম্যানেজার মো আব্দুল খালেক, স্টান্ডাডার ব্যাংকেকর ম্যানেজার আনোয়ার হোসেন, সাবেক মৎস্য অফিসার খন্দকার শহিদুর রহমান, ইমাম খতিব পরিষদের সভাপতি শেখ শাফায়েতুল ইসলাম হিরো, আলমডাঙ্গা নাগরিক উন্নয়ন কমিটির সাধারণ সম্পাদক ডাঃ মো আব্দুল্লাহ আল মামুন, আলমডাঙ্গা বিদ্যুৎ বিভাগের উপসহকারী প্রকৌশলী সঞ্জয় কুমার, কালিদাসপুর ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা আলমগীর হোসেন, অভিভাবক মুস্তাফিজুর রহমান।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ সিনিয়র সাংবাদিক জামসিদুল হক মুনি। সমগ্র অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় ছিলেন, বিশিষ্ট উপস্থাপক উপাধাক্ষ শামীম রেজা। ধারা বর্ণনায় ছিলেন, শাহানু সুলতান রুদ্র। অনুষ্ঠানে সহযোগিতায় ছিলেন, ইজাইফা রহমান কুঞ্জ, দিহান আলম, আবু দারদা। বর্ণাঢ্য আয়োজনে অভিভাবক, কোমলমতি শিক্ষার্থী ও আমন্ত্রিত অতিথিদের

উপস্থিতিতে আনন্দমুখর পরিবেশে আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সরকারি কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বুধবার সকালে কলেজের খেলার মাঠে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সভাপতিত্ব করেন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতীম শীল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আতিকুল হক, পৌর কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফয়েজ মোহাম্মদ প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন কলেজের বার্ষিক ক্রীড়া পরিচালনা কমিটির আহ্বায়ক সহযোগী অধ্যাপক মইনুল ইসলাম, অর্থনীতি বিভাগের অধ্যাপক প্রফেসর মোঃ হাবিবুর রহমান, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথ্যা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ ফুয়াদ খান, সহকারী অধ্যাপক মোঃ নাহিদ আনদালিব, মোঃ নাহিদ রেজা, মোঃ আলমগীর হোসেন প্রমুখ।

মেহেরপুর সরকারি কলেজে মোট ১৭টি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য ছিল ১০০ মিটার দৌড়, ২০০ মিটার দৌড়, ১৫০০ মিটার দৌড়, লৌহ গোলক নিক্ষেপ, বর্ষা নিক্ষেপ, দীর্ঘ লম্ফ, পিলো পাসিং এবং ‘যেমন খুশি তেমন সাজো’ প্রতিযোগিতা।

এর আগে জাতীয় পতাকা, কলেজ পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। পরে শপথ গ্রহণ ও মাঠ প্রদক্ষিণের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বার্ষিক ক্রীড়া

ঝিনাইদহে হকি ও টেবিল টেনিস প্রতিযোগিতার সমাপনী

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৫-২৬ এর আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিস এর আয়োজনে (অনূর্ধ্ব ১৬) হকি ও টেবিল টেনিস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

দিনব্যাপী খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। উক্ত হকি খেলায় চ্যাম্পিয়ন হয় হলুদ হকি দল ও রানার্সআপ হয় নীল হকি দল। টেবিল টেনিস খেলায় বালক এককে চ্যাম্পিয়ন হয় সানি মোল্লা ও রানার্সআপ হয় মো: তানজিবুর রহমান।

দ্বৈত চ্যাম্পিয়ন হয় সানি মোল্লা ও আল আমিন মন্ডল এবং রানার্সআপ হয় তানজিবুর রহমান ও সমৃদ্ধ বিশ্বাস।

বালিকা এককে চ্যাম্পিয়ন হয় নুসরাত নওরীন ও রানার্সআপ হয় নাদিরা। বালিকা দ্বৈত চ্যাম্পিয়ন হয় রানী খাতুন ও নুসরাত নওরীন এবং রানার্সআপ হয় বৃষ্টি ও মারিয়া বিনতে আজাদ।অপরদিকে একইদিনে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৫-২০২৬ এর আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিসের আয়োজনে মাসব্যাপী ফুটবল প্রশিক্ষণের (অনূর্ধ্ব-১৫) সনদপত্র বিতরণ করা হয়।

উক্ত প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও ফুটবল প্রশিক্ষণের সনদপত্র বিতরণ অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহমেদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার,হোসনেআরা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার মোহাম্মদ আব্দুর রউফ,জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি,জেলা ক্রীড়া সংস্থার সদস্যবৃন্দ,বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ,দর্শনার্থীবৃন্দ। মাসব্যাপী (২১ টি সেশনে) ফুটবল প্রশিক্ষণে বিভিন্ন প্রতিষ্ঠানের ৪০ জন বালক ফুটবলার অংশগ্রহণ করে।

দর্শনায় বার্ষিক আন্তঃক্রীড়া প্রতিযোগিতা ও পুরুস্কার বিতরণী

দর্শনা সরকারী কলেজের আয়োজনে তিনদিনব্যাপী বার্ষিক আন্তঃক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গত ১৯-২১ জানুয়ারী ৩দিনব্যাপী ক্রীড়া অনুষ্ঠানের পুরুস্কার বিতরণ করা হয় গতকাল বুধবার। ২০টি ইভেন্টে ৬০ জন ছাত্র/ছাত্রী পুরুস্কার অর্জন করে।

এছাড়া শিক্ষকদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ ও ছাত্রদলের আয়োজনে স্বাক্ষর বোর্ডে দর্শনা সরকারী কলেজের বিভিন্ন সমস্যার উপর ছাত্র/ছাত্রীরা স্বাক্ষর করে। এ স্বাক্ষরের মধ্যে দর্শনা সরকারী কলেজের বিভিন্ন সমস্যার মধ্যে দর্শনা কলেজ চত্বর এলাকায় ছাত্র/ছাত্রী হোষ্টেল ও শিক্ষক আবাসিক ভবন নিমার্ন, একটি মসজিদ, কলেজের সুন্দর পরিবেশ সৃষ্টি করা ও বহিরাগতদের অবাদ চলাচল বন্ধসহ নানা সমস্যার কথা তুলে ধরে। আগামী জাতীয় সংসদ সদস্য মাহামুদ হাসান খান বাবু যদি নিবার্চিত হলে এ সকল সমস্যা সমাধানের দাবী করে ছাত্র/ছাত্রীরা।

এ সকল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, শিক্ষক সমিতির সভাপতি লিহাজ উদ্দিন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস এম শাহ আলম।

এছাড়া অন্যান্য শিক্ষক বৃন্দ উপস্থিত থেকে গতকাল ক্রীড়া অনুষ্ঠানে অংশ গ্রহণকারী বিজয়ী ছাত্র/ছাত্রীদের মধ্যে পুরুস্কার তুলে দেন দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এস এম শাহ আলম। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বাংলা বিভাগের প্রভাষক মুকুল হোসেন।

ঝিনাইদহ পাবলিক স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

ঝিনাইদহের পাবলিক স্কুলে উৎসবমুখর পরিবেশে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ প্রতিযোগিতায় শতাধিক শিক্ষার্থী বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে তাদের মেধা ও শারীরিক দক্ষতার পরিচয় দেয়।

গতকাল দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক গোলাম মোস্তফা চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা শাখার সভাপতি শাহীনুর আলম লিটন, সাধারণ সম্পাদক কামরুজ্জামান লিটন, ঝিনাইদহ ক্যাডেট কোচিংয়ের সহকারী পরিচালক রোকনুজ্জামান। অনুষ্ঠানের সভাপতিত্বে করেন বিদ্যালয়ের পরিচালক পরিচালক হাফিজুর রহমান।

সেসময় বক্তারা, শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার গুরুত্ব তুলে ধরেন এবং পড়াশোনার পাশাপাশি নিয়মিত ক্রীড়াচর্চায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করেন।

আলোচনা সভা শেষে বিভিন্ন ইভেন্টে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে অতিথিবৃন্দ পুরস্কার বিতরণ করেন। আনন্দঘন এ আয়োজনে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন হয়।

আলমডাঙ্গা সরকারি কলেজের ক্রীড়া প্রতিযোগিতায় দ্রুততম মানব তৌফিক ও মানবী মুসফিকা

আলমডাঙ্গা সরকারি কলেজ আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৬–এ দ্রুততম মানব ও মানবীর খেতাব অর্জন করেছেন তৌফিক আহম্মেদ ও মুসফিকা।

ছাত্রদের মধ্যে মানবিক বিভাগের তৌফিক আহমেদ ১০০ মিটার স্প্রিন্টে দ্রুততার সাথে অতিক্রম করে প্রথম স্থান অর্জন করে দ্রুততম মানবের খেতাব জয় করেন। একইভাবে, ছাত্রীদের মানবিক বিভাগ, দ্বাদশ শ্রেণির মুসফিকা ১০০ মিটার স্প্রিন্টে প্রথম হয়ে দ্রুততম মানবীর খেতাব অর্জন করেন।

উভয় বিজয়ীকে ঐশিকা সামাজিক উন্নয়ন সংস্থার সৌজন্যে ট্রফি প্রদান করা হয়েছে। তাদের এই সাফল্য ক্রীড়াঙ্গনে উদ্যম ও প্রতিভার উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে প্রশংসা কুড়িয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মো. মফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আব্দুল মনয়েম এবং সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম ছরোয়ার।

এছাড়াও উপস্থিত ছিলেন, শিক্ষক পরিষদের সেক্রেটারি ও ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি কমিটির আহ্বায়ক সহকারী অধ্যাপক মহিতুর রহমান এবং সহকারী অধ্যাপক সাইদুর রহমানসহ কলেজের শিক্ষকবৃন্দ।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালায় ছিলেন, সিনিয়র প্রভাষক ডক্টর মাহবুব আলম। গত বৃহস্পতিবার কলেজ চত্বরে এই পুরস্কার প্রদান করা হয়।

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে পাঁচ দিনব্যাপী ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে পাঁচ দিনব্যাপী বার্ষিক ক্রীড়া ও সংস্কৃতি প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে।

আলমডাঙ্গা সরকারি কলেজের উদ্যোগে পাঁচ দিনব্যাপী বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতা–২০২৬ উৎসবমুখর পরিবেশে সফলভাবে সম্পন্ন হয়েছে। গতকাল কলেজের খেলার মাঠে চূড়ান্ত ফলাফল ঘোষণা, পুরস্কার বিতরণ এবং ক্রীড়া পতাকা নামানোর আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে এই বর্ণাঢ্য আয়োজনের সমাপ্তি ঘটে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সঞ্চালনার দায়িত্ব পালন করেন ড. মো. মাহবুব আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মো. মফিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আব্দুল মনয়েম এবং সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম ছরোয়ার। এছাড়াও উপস্থিত ছিলেন, শিক্ষক পরিষদের সেক্রেটারি ও ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি কমিটির আহ্বায়ক সহকারী অধ্যাপক মহিতুর রহমান এবং সহকারী অধ্যাপক সাইদুর রহমানসহ কলেজের শিক্ষকবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, শিক্ষার্থীদের শারীরিক সক্ষমতা বৃদ্ধি, সৃজনশীলতা বিকাশ এবং নৈতিক ও সাংস্কৃতিক চেতনা গঠনে ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি চর্চার গুরুত্ব অপরিসীম। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের নেতৃত্ব, শৃঙ্খলা ও পারস্পরিক সৌহার্দ্যবোধ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

সামগ্রিক অনুষ্ঠানটি পরিচালনা করেন, কলেজের শরীরচর্চা বিভাগের শিক্ষক সাঈদ মোহাম্মদ হিরন। সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতার ফলাফল ক্রীড়ার পাশাপাশি সাহিত্য ও সাংস্কৃতিক ইভেন্টেও শিক্ষার্থীদের অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য।

অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। সফল

এই আয়োজন শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতি চর্চার আগ্রহ আরও বাড়াবে—এমন প্রত্যাশা ব্যক্ত করেন সংশ্লিষ্টরা।

মেহেরপুরে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুরে ৫৪তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা স্টেডিয়াম মাঠে জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আনুষ্ঠানিকভাবে এই ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন।

উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা শিক্ষা অফিসার মোঃ আবদুর রাহীম।

এ সময় বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি, মেহেরপুরের আয়োজনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, ক্রীড়া সংগঠক ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উদ্বোধনী বক্তব্যে অতিথিরা বলেন, খেলাধুলা শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ ধরনের ক্রীড়া প্রতিযোগিতা শিক্ষার্থীদের মধ্যে শৃঙ্খলা, নেতৃত্ব ও সৌহার্দ্যবোধ গড়ে তুলতে সহায়ক হবে।